সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি
সুনামগঞ্জ
**www.shilpakala.sunamganj.gov.bd**

আগস্ট ২০২১ মাসে সম্পাদিত অনুষ্ঠানমালার প্রতিবেদন

## ১. শোক থেকে শক্তি। শোকের মাসের শুরুতেই ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন করার উদ্যোগ

শোকের মাসের শুরুতে ২ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দে জেলা শিল্পকলা একাডেমির কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে জেলা শিল্পকলা একাডেমির ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্নতার কর্মসূচি পালন করা হয়। সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এই শুভ উদ্যোগটি সম্পাদন করা হয়।

## ২.শিল্পের আলোয় বঙ্গবন্ধু: বাঙালির মহানায়ক শিরোনামে অনলাইন লাইভ অনুষ্ঠান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবসকে কেন্দ্র করে ১৫ আগস্ট আয়োজন করা হয় শিল্পের আলোয় বঙ্গবন্ধু : বাঙালির মহানায়ক শিরোনামে অনলাইন লাইভ অনুষ্ঠান। সঙ্গীত শিল্পী হিসেবে যুক্ত ছিলেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী দিপায়ন চৌধুরী, শ্রেয়া চৌধুরী কুহু, নৃত্য শিল্পী অস্মিতা রায় মিথিলা এবং আবৃত্তি শিল্পী রবিউল ইসলাম পুলক এবং সেঁজুতি তরফদার হৃদি। সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## ৩. সোনার মানুষ চাই শীর্ষক অনুষ্ঠান

১৮ আগস্ট ২০২১ সোনার মানুষ চাই শীর্ষক অনলাইন অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন বাংলাদেশ বেতার সিলেটের শিল্পী ব্রজ গোপাল দাস, ঐশ্বর্য্য দাশ ঐশী, প্রত্যাশা দে এবং পূর্বা দে। আবৃত্তি পরিবেশন করেন জেলা শিল্পকলা একাডেমির আবৃত্তি বিভাগের প্রশিক্ষক দেবাশীষ তালুকদার শুভ্র। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## ৪.দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবো শীর্ষক অনুষ্ঠান

১৯ আগস্ট ২০২১ দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবো শীর্ষক অনলাইন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন হীরেন্দু ভূষণ তালুকদার মনজু, নিলয় আচার্য্য, মৃত্তিকা রায় স্নেহা, দেবশ্রী রায়। আবৃত্তি পরিবেশন করেন তাজকিরা হক তাজিন এবং শর্মিষ্ঠা চৌধুরী। সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## ৫. মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে সংস্কৃতি শীর্ষক অনুষ্ঠান

২০ আগস্ট ২০২১ মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে সংস্কৃতি শীর্ষক অনলাইন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন জেলা শিল্পকলা একাডেমির সঙ্গীত বিভাগের প্রশিক্ষক সন্তোষ কুমার চন্দ, বাংলাদেশ বেতার সিলেটের শিল্পী মহুয়া ভৌমিক মহুয়া, অমিত বর্মণ এবং অর্চি। আবৃত্তি পরিবেশন করেন অয়ন তালুকদার জিৎ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ০১ মে থেকে প্রশিক্ষণ বিভাগের অনলাইন ক্লাসের কার্যক্রম শুরু করে। অদ্যাবধি এই কার্যক্রম অব্যাহত রয়েছে। ক্লাস পরিচালনার জন্য পৃথক একটি ফেসবুক গ্রুপ করে শিল্পকলার শিক্ষার্থীদের যুক্ত করে ক্লাস উপস্থাপন করা হচ্ছে। এতে করোনাকালীন সময়ে গৃহবন্দী অবস্থায় শিক্ষার্থীরা প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারছে এবং মানসিকভাবে প্রফুল্ল থাকছে। আগস্ট মাসে অনুষ্ঠিত ২৩টি ক্লাসের মধ্যে কয়েকটি ক্লাস পরিচালনার স্থিরচিত্র ও লিংক সংযুক্তিতে উপস্থাপন করা হবে।

**স্বাক্ষরিত/-**

**০৫.০৯.২০২১**

(আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী)
জেলা কালচারাল অফিসার
সুনামগঞ্জ
dcosunamganj@gmail.com